গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার
কটন এগ্রোনমিস্ট এর দপ্তর
তুলা উন্নয়ন বোর্ড,শ্রীপুর,গাজীপুর
www.cdb.sreepur.gazipur.gov.bd

কৃষিই সমৃদ্ধি

**নম্বর:** ১২.০৭.৩০৩৩.০০০.৬০০.৯৯.০০০৯.২৫.১৬৯

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকল শ্রমিকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলতি ২০২৬-২৭ মৌসুমের তুলা চাষাবাদ কার্যক্রম চলমান রয়েছে। বৈরী আবহাওয়া সঠিক সময়ে বপন কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে অব্যাহত রাখা যাচ্ছে না। তাই উপযুক্ত সময় পাওয়া মাত্রই চাষাবাদসহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখার পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

১. কোন শ্রমিক (নিয়মিত/অনিয়মিত) ছুটিতে যেতে চাইলে অবশ্যই আবেদনসহ অনুমতি সাপেক্ষে ছুটি ভোগ করবেন। অনুমোদন না হলে কোন অবস্থাতেই ছুটি ভোগ করা যাবে না। এর ব্যত্যয় হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২. মাঠ পাহারায় নিয়োজিত শ্রমিকগণ সম্প্রতি আন্দোলনের নামে পাহারা কার্যক্রম পূর্ব ঘোষণা ছাড়াই প্রত্যাহার করে নেয়, পূর্বে কখনো এরূপ ঘটনা সংগঠিত হয় নাই। মাঠে গুরুত্বপূর্ণ সরকারি স্থাপনা রয়েছে এবং সেগুলোর কোনরূপ ক্ষতি-সাধন হলে দায়িত্বরত শ্রমিকগণের দায় এড়ানোর সুযোগ নেই। তাই ভবিষ্যতে এরূপ ঘটনার পুনরাবৃত্তি যেন না ঘটে সেদিকে সকলকে দৃষ্টি রাখার আহবান জানানো হচ্ছে।

৩. মাঠ পাহারায় নিয়োজিত শ্রমিকগণ তার মূল সময়ের ১০ মিনিট পূর্বে উপস্থিত হয়ে সকল দায়িত্ব বুঝে নেবেন এবং কোন সমস্যা পাওয়া গেলে ফার্ম ওভারশিয়ারের নিকট সংবাদ পৌঁছাতে হবে। পরবর্তীতে কোন সমস্যা পাওয়া গেলে দায়িত্বরত ব্যক্তির বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪. সকাল বেলার কার্যক্রমে নাস্তার সময় ৩০ মিনিট বিরতি পাওয়া যাবে যা সকাল ০৯:০০ হতে ০৯:৩০ ঘটিকা পর্যন্ত। মাঝখানে অন্য কোন প্রকার বিরতি নেই। উল্লেখ্য যে, ২০২৬-২৭ মৌসুমে অতি বৃষ্টিজনিত কারণে তুলা বীজ বপন করা যাচ্ছে না বিধায় জোঁ আসা মাত্রই তুলা চাষাবাদ কাজে সকল শ্রমিককে একান্তভাবে সহযোগিতা করার জন্য বলা হলো।

৫. মাঠ তদারকি কমিটি গঠিত হয়েছে। উক্ত কমিটির সদস্যগণ যে কোন সময় মাঠ তদারকি করতে পারবেন। এমতাবস্থায় উক্ত কমিটিকে সকল ধরণের সহযোগিতা করার জন্য আদেশ প্রদান করা হলো।

এ আদেশ পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

২৭-০৭-২০২৬
মোঃ আব্দুল ওয়াহাব
কটন এগ্রোনমিস্ট
ইমেইল : casree@cdb.gov.bd

নম্বর: ১২.০৭.৩০৩৩.০০০.৬০০.৯৯.০০০৯.২৫.১৬৯/১ (৮)

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নির্বাহী পরিচালক (রুটিন দায়িত্ব), নির্বাহী পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড।

২। তুলা উন্নয়ন কর্মকর্তা, কটন এগ্রোনমিস্ট এর দপ্তর, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, তুলা উন্নয়ন বোর্ড, শ্রীপুর , গাজীপুর।
৩। কটন ইউনিট অফিসার, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর।
৪। ল্যাব/মাঠ সহকারী, কটন এগ্রোনমিস্ট এর দপ্তর, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, তুলা উন্নয়ন বোর্ড, শ্রীপুর, গাজীপুর।
৫। স্টোর কাম ফিল্ডম্যান, কটন এগ্রোনমিস্ট এর দপ্তর, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, তুলা উন্নয়ন বোর্ড, শ্রীপুর, গাজীপুর।
৬। বৈজ্ঞানিক সহকারী, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর।
৭। সভাপতি/সম্পাদক, তুলা ফার্ম শ্রমিক ইউনিয়ন, শ্রীপুর, গাজীপুর।
৮। নিয়মিত/অনিয়মিত শ্রমিক, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপর, গাজীপুর।

ফাহমিদা

২৭-০৭-২০২৬
মোছাঃ ফাহমিদা খানম
কটন ইউনিট অফিসার